



## 49012 - তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) না করা

---

### প্রশ্ন

আমি তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) করিনি। আমি ধারণা করছিলাম যে, প্রথম তাওয়াফই যথেষ্ট। এখন আমার উপর কী আবশ্যিক?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

শাইখ বনি উছাইমীন (রহঃ) বলেন:

তাওয়াফে ইফাযা হজ্জের একটি রুকন; যা ছাড়া হজ্জ পূর্ণ হয় না। যদি কেউ কোন একটি রুকন পালন না করে তাহলে তার হজ্জ অপূর্ণাঙ্গ থাকে যাবে। তাকে অবশ্যই রুকনটি আদায় করতে হবে। তাকে ফরিদে আসতে হবে; এমনকি তার দেশে থাকে হলেও। এরপর সে তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) পালন করবে। আর এ অবস্থায় যহেতু সে এখনও ফরয তাওয়াফ করেনি তার জন্য স্ত্রী সম্ভোগ করা জায়যে হবে না। কেননা সে দ্বিতীয় হালাল হয়নি। যহেতু তাওয়াফে ইফাযা করা ও সায়ী করার আগে দ্বিতীয়বার হালাল হওয়া যায় না; যদি সে ব্যক্তি তামাত্তু হজ্জকারী হয়, ক্বরীন হজ্জকারী হয় কিংবা ইফরাদ হজ্জ আদায়কারী হয় এবং তাওয়াফে কুদুম এর সাথে সায়ী না করে।[উদ্ধৃতি সমাপ্ত]